



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2019

BNGACOR01T-BENGALI (CC1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাস্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক - ১

- ১। 'চর্যাগীতি ধর্মসংগীত হলেও সমাজবিবিক্ত নয় - এই গানগুলির মধ্যে পাই তৎকালীন সমাজ।' মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

- 'শ্রীকৃষ্ণকীর্তন' কোন সময়ে রচিত? এই পুঁথিটির মধ্যে প্রাপ্ত চিরকুটে নাম-সূচক শব্দটি কী? ১+১+৮=১০
'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটিতে যে নাটকীয়তা আছে তা কাব্যের কাহিনী অবলম্বনে আলোচনা করো।

একক - ২

- ২। মঙ্গলকাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো। 'মনসামঙ্গল' কাব্যের যে-কোনো একজন কবির কৃতিত্ব লিপিবদ্ধ করো। ৩+৭=১০

অথবা

- মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে তাঁর সমকালীন আর্থ-সামাজিক অবস্থার যে চিত্রটি মেলে তা সংক্ষেপে বিবৃত করো। ১০

একক - ৩

- ৩। ভাগবতের একজন অনুবাদকের নাম উল্লেখ করো। অনুবাদক হিসাবে তাঁর শ্রেষ্ঠত্ব বিচার করো। ১+৯=১০

অথবা

- 'মধ্যযুগের দেবমাহাত্ম্যপূর্ণ কাব্য রচনার পরিবর্তে মানুষের রোমান্টিক প্রেমগাথা রচনা করলেন আরাকানের রাজসভার কবিরা।' - মন্তব্যটি বিচার করো। ১০

একক - ৪

- ৪। প্রধান দুটি চৈতন্য জীবনী কাব্যের নাম লেখো। এই দুটি গ্রন্থের তুলনামূলক আলোচনা করো। ২+৮=১০

অথবা

- নাথ সাহিত্যের ধারাগুলি উল্লেখ করো। নাথ সাহিত্যের যে-কোনো একটি ধারার কাহিনী সংক্ষেপে আলোচনা করো। ২+৮=১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও: ৫×২=১০

- (ক) চর্যাপদের ভাষা সম্পর্কে লেখো
(খ) টীকা লেখো: কবিকঙ্কণ-চণ্ডী
(গ) শ্রীরাম পাঁচালী
(ঘ) বৈষ্ণব পদাবলী রচনাকার বিদ্যাপতি।

—x—